

102



চাকসু নির্বাচনের দাবীতে ছাত্র-সংগ্রাম পরিষদের স্মারকলিপি পেশ

চট্টগ্রাম হইতে বাসস জানায়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ছাত্র সংগ্রাম পরিষদ ক্যাম্পাসে গণতান্ত্রিক পরিবেশ পুনরুদ্ধারের লক্ষ্যে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ছাত্র ইউনিয়ন (চাকসু) এবং হলসংসদসমূহের (১০ম পৃ: দ্র:)

চাকসু নির্বাচনের

(৩য় পৃ: পর)

নির্বাচন অনুষ্ঠানের দাবী জানাইয়াছেন। গত রবিবার এ ব্যাপারে আলোচনার সময় সংগ্রাম পরিষদের নেতারা ভাইস চ্যান্সেলর অধ্যাপক আলিমগীর মোহাম্মদ সিরাজুদ্দিনের নিকট ৭ দফা দাবী সম্বলিত একটি স্মারকলিপি পেশ করেন। উহার মধ্যে আছে সম্মারোধের জন্য ক্যাম্পাসে পর্যাপ্ত সংখ্যক পুলিশ মোতায়েন, অস্ত্রশস্ত্র আটকের জন্য হলসমূহে পুলিশী অভিযানের ব্যবস্থা করা, অতীতে সম্মারী তৎপরতায় জড়িতদের বিচার করা এবং নির্বাচন অনুষ্ঠানের জন্য নিরপেক্ষ শিক্ষক ও কর্মকর্তা নিয়োগ ইত্যাদি। ভাইস চ্যান্সেলর ছাত্রনেতাদের আশ্বাস দেন যে, ক্যাম্পাসে একটি সুরক্ষিত পরিবেশ ফিরিয়া আসিবার পর চাকসু ও হলসংসদ নির্বাচন অনুষ্ঠিত হইবে। ইসলামী ছাত্র-শিবিরও কয়েকদিন পূর্বে চাকসু ও হলসংসদ নির্বাচনের দাবী জানাইয়াছে।